



ল্যাটারাল ফ্লো টেস্ট 7 প্যাক

শুধুমাত্র নাকের টেস্ট

Getein Biotech COVID-19 সেলফ-টেস্টিংয়ের জন্য আপনার ধাপে ধাপে নির্দেশিকা


সতর্কতা

অন্যান্য টেস্ট কিট থেকে উপাদানগুলি মেশাবেন না এবং মেলাবেন না।


শুরু করার আগে এই পুরো নির্দেশিকাটি যত্নসহকারে পড়ুন।

আপনার আগে ব্যবহার করা অন্যান্য টেস্টের থেকে এই টেস্টটি ভিন্ন হতে পারে।

শুধুমাত্র নাকের টেস্ট




1. উভয় নাসারন্ধ্রে
সোয়াব করুন



2. নমুনা প্রক্রিয়া করুন



3. অপেক্ষা করুন



4. ফলাফল

এই নির্দেশিকা আপনার নিজের বা অন্য ব্যক্তির উপর Getein Biotech-এর ল্যাটারাল ফ্লো COVID-19 টেস্ট করার জন্য একটি ধাপে ধাপে নির্দেশিকা। আপনাকে কখন টেস্ট করতে হবে সে সম্পর্কে বা আপনার ফলাফল রিপোর্ট করার বিষয়ে আপনার টেস্ট প্রদানকারী অতিরিক্ত নির্দেশাবলী জারি করতে পারে।

এই নির্দেশের বিকল্প ভাষা এবং অন্যান্য ফর্ম্যাট সংস্করণ অ্যাক্সেস করতে, এখানে যান:
gov.uk/covid19-self-test-help

সেলফ-টেস্টিংয়ের জন্য, Getein Biotech One Step Test for SARS-CoV-2 Antigen (SARS-CoV-2 অ্যান্টিজেনের জন্য Getein Biotech-এর এক ধাপে টেস্ট) (কলয়েডাল গোল্ড)-এর সাথে এই নির্দেশাবলী সম্পর্কিত, প্রোডাক্ট কোড: CG206157

আপনাকে যা করতে হবে

আপনার ধাপে ধাপে নির্দেশিকা

নির্দেশাবলী পড়ুন এবং সঠিক ক্রমে ধাপগুলি অনুসরণ করুন।

আপনার কেন সেলফ-টেস্ট করা উচিত

উপসর্গ না থাকলেও আপনার ভাইরাস আছে কিনা এবং আপনি সংক্রামক কিনা তা পরীক্ষা করার জন্য, এই COVID-19 সেলফ-টেস্টের কিটটির সাহায্যে নাকের একটি সোয়াব টেস্ট করা হয়।

এই পুস্তিকার ভিতরে

আপনাকে যা করতে হবে	2
নির্দেশিকা এবং সতর্কতা	3
এই টেস্ট সম্পর্কে	4
আপনার টেস্ট করার জায়গাটি প্রস্তুত করুন	5
আপনার কিটের উপাদানগুলি যাচাই করুন	6
আপনার টেস্ট সেট আপ করুন	7
অন্য কারো টেস্ট করা	9
আপনার সোয়াবের নমুনা নিন	10
সোয়াবের নমুনাটি প্রক্রিয়া করুন	11
আপনার ফলাফল পড়ুন	13

নির্দেশিকা এবং সতর্কতা

- যদি প্যাকেজিং ক্ষতিগ্রস্ত হয়, একটি ভাঙা সীল থাকে, বা উপাদানটি ভাঙা বলে মনে হয়, তাহলে টেস্ট কিটের কোনো উপাদান ব্যবহার করবেন না।
- বিভিন্ন টেস্ট কিটের বক্স থেকে উপাদানগুলিকে মিশ্রিত করবেন না। শুধুমাত্র এই কিটে প্রদত্ত কিটের উপাদানগুলি ব্যবহার করুন, কারণ একটি টেস্টের ধরণের তরল অন্য টেস্টের ধরণের সাথে কাজ করবে না।
- এক্সট্রাকশন টিউব হোল্ডার ছাড়া, টেস্ট কিটের সমস্ত অংশ শুধুমাত্র একবার ব্যবহারের জন্য। টিউব হোল্ডার ছাড়া অন্য কোনো অংশ পুনরায় ব্যবহার করবেন না।
- এই কিটগুলি শুধুমাত্র মানুষের ব্যবহারের জন্য ডিজাইন করা হয়েছে।
- শিশুদের নাগালের বাইরে রাখুন। টেস্টের কিটটিতে ছোট ছোট অংশ আছে যা শ্বাসরোধ করার বিপদ সৃষ্টি করতে পারে।
- যদি আপনার নাকের ছিদ্রে এক বা একাধিক গয়না থাকে, তাহলে সোয়াব করার আগে তা খুলে নিন।
- অত্যধিক বল বা চাপ প্রয়োগ করবেন না বা সোয়াবের নমুনা সংগ্রহ করার সময় সোয়াবটি বাঁকাবেন না, কারণ এতে সোয়াব ভেঙে যেতে পারে।
- যদি সোয়াব করার সময় আপনার নাক থেকে রক্ত পড়ে, তাহলে সোয়াব করা বন্ধ করুন। সোয়াবে রক্ত থাকলে তা টেস্টের জন্য ব্যবহার করা যাবে না। একটি নতুন টেস্ট করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন।
- টেস্টের ক্যাসেটটিকে কোনো গৃহস্থালী পরিষ্কারের পণ্যের সংস্পর্শে আসতে দেবেন না, কারণ এর ফলে ভুল ফলাফল পাওয়া যেতে পারে।
- কাগজের তোয়ালে এবং ঘরোয়া জীবাণুনাশক ব্যবহার করে প্লাস্টিকের টিউব থেকে ছিটকে পড়া তরল পরিষ্কার করুন।
- টেস্টটি এমন ব্যক্তিদের পক্ষে উপযুক্ত নাও হতে পারে যাদের গত 6 মাসে মুখের বা মাথার অস্ত্রোপচার করা হয়েছে, অথবা যাদের নাক দিয়ে রক্ত পড়ার প্রবণতা রয়েছে।
- আপনার হাত বা দৃষ্টির সমস্যা থাকলে, সোয়াব নেওয়া ও টেস্ট প্রক্রিয়ার জন্য আপনাকে কারোর সহায়তা নেওয়ার প্রয়োজন হতে পারে।

এই টেস্ট সম্পর্কে

এই টেস্টটি কাদের জন্য উপযুক্ত:



18 বছর এবং তার বেশি বয়সী প্রাপ্তবয়স্ক
নিজে টেস্ট করুন, প্রয়োজনে সহায়তা নিন।



12 থেকে 17 বছর বয়সী किशোরकिशोरी
প্রাপ্তবয়স্কদের তত্ত্বাবধানে (এবং প্রয়োজন হলে সহায়তা নিয়ে) নিজে টেস্ট
করুন।



শিশু
11 বছর ও তার কম বয়সী শিশুদের একজন প্রাপ্তবয়স্ক দ্বারা টেস্ট করা উচিত।

সংরক্ষণ ও নাড়াচাড়া

- টেস্ট কিট ঘরের স্বাভাবিক তাপমাত্রায় বা একটি ঠাণ্ডা শুকনো জায়গায় (4°C থেকে 30°C) রাখুন।
- সরাসরি রোদে রাখবেন না এবং ফ্রিজারে সংরক্ষণ করবেন না।
- কিটটি ঘরের তাপমাত্রায় (15°C থেকে 30°C) ব্যবহার করা উচিত। কিটটি যদি 15°C-এর কম তাপমাত্রার একটি জায়গায় মজুত করা হয়ে থাকে, তাহলে এটি ব্যবহার করার আগে ঘরের স্বাভাবিক তাপমাত্রায় 30 মিনিট রেখে দিন।

আপনার যদি COVID-19-এর নতুন লক্ষণগুলি দেখা দেয়

সবচেয়ে আপ-টু-ডেট পরামর্শের জন্য [nhs.uk/coronavirus](https://www.nhs.uk/coronavirus)-এ যান।

সতর্কতা




আপনি যদি আপনার লক্ষণগুলি নিয়ে চিন্তিত হন,
বা আপনার লক্ষণগুলি আরও খারাপ হয়ে যায়, তাহলে একজন
সাধারণ GP-এর সাথে যোগাযোগ করুন, [111.nhs.uk](https://www.nhs.uk)-এ NHS
111 অনলাইন পরিষেবাতে যান বা সরাসরি কারও সাথে কথা
বলতে 111 নম্বরে কল করুন।

চিকিৎসাগত জরুরি অবস্থার জন্য, অবিলম্বে 999 ডায়াল করুন।

আপনার টেস্ট করার জায়গাটি প্রস্তুত করুন

আপনার প্রয়োজন হবে: একটি টাইমার যেমন একটি ঘড়ি, ক্লক বা মোবাইল ডিভাইস, টিস্যু, সারফেস ক্লিনার, হ্যান্ড স্যানিটাইজার বা সাবান এবং উষ্ণ জল।



1 যত্নসহকারে এই নির্দেশিকাটি পড়ুন।

আপনার আরও সাহায্যের প্রয়োজন হলে এখানে যান:
gov.uk/covid19-self-test-help



2 টেস্টটি শুরু করার অব্যবহিত আগে, টেস্ট কিটটি রাখার জন্য একটি সমতল পৃষ্ঠতলকে পরিষ্কার করুন ও শুকিয়ে নিন।



3 সাবান ও উষ্ণ জল দিয়ে আপনার হাত দু'টি 20 সেকেন্ড ধরে ভালোভাবে ধুয়ে নিন বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

যদি একাধিক টেস্ট করেন, তাহলে পৃষ্ঠতলটি পরিষ্কার করুন এবং প্রতিটি টেস্টের বিরতিতে আপনার হাত আবার ধুয়ে নিন।

আপনার কিটের উপাদানগুলি যাচাই করুন

সতর্কতা

অন্যান্য টেস্ট কিট থেকে উপাদানগুলি মেশাবেন না এবং
মেলাবেন না।

আপনার টেস্টের বাক্সে যা থাকা উচিত:

1x

এক্সট্র্যাকশন
টিউব হোল্ডার
ছিদ্র সহ বাক্স




7x

কিট
ব্যাগ



7x

জীবাণুমুক্ত
সোয়াব




7x

সিল করা
ক্যাসেট পাউচে
SARS-CoV-2
অ্যান্টিজেন
টেস্ট কার্ড



7x

নমুনা
এক্সট্র্যাকশন
দ্রবণ এবং
টিপ সহ
এক্সট্র্যাকশন
টিউব



সতর্কতা

শুরু করার আগে, টেস্ট কিটের বাক্স এবং সিল করা পাউচে
মেয়াদ শেষ হওয়ার তারিখ (EXP) পরীক্ষা করুন। টেস্ট কিটের
মেয়াদ শেষ হয়ে গেলে তা ব্যবহার করবেন না।

আপনার টেস্ট সেট আপ করুন

গুরুত্বপূর্ণ

টেষ্ট ডিভাইসটির মেয়াদ শেষ হওয়ার তারিখের পরে সেটি ব্যবহার করবেন না।



- 4 সীল করা প্যাকেট থেকে টেস্ট ক্যাসেটটি বার করে পরিষ্কার করা সমতল পৃষ্ঠতলের উপর রাখুন।

একবার খোলা হয়ে গেলে, 60 মিনিটের মধ্যে টেস্ট শুরু করুন।




- 5 এক্সট্র্যাকশন টিউবটিকে আপনার মুখ থেকে দূরে রেখে, আলতোভাবে এক্সট্র্যাকশন টিউব থেকে সীলিং ফিল্মটির মোড়ক খুলুন যাতে কোনো তরল চলকে পড়া এড়ানো যায়।

সতর্কতা

আপনার দাঁত দিয়ে সিল ফিল্মটি ছিঁড়ে ফেলার চেষ্টা করবেন না।

আপনার ত্বকে বাফার দ্রবণের স্পর্শ এড়িয়ে চলুন। যদি বাফার দ্রবণটি আপনার ত্বকে বা চোখে চলে যায় তাহলে জল দিয়ে ভাল করে ধুয়ে ফেলুন এবং জ্বালা করলে চিকিৎসাগত পরামর্শ নিন।



- 6 যে এক্সট্র্যাকশন টিউবের মধ্যে বাফারটি আছে সেটিকে বাক্সের মধ্যে এক্সট্র্যাকশন টিউব হোল্ডারের ছিদ্রের মধ্যে রাখুন।



- 7 একটি টিস্যুর মধ্যে **আলতোভাবে আপনার নাক ঝাড়ুন** যাতে অতিরিক্ত শ্লেষ্মা টেস্টটিকে নষ্ট না করে। টিস্যুটি একটি বিনে ফেলে দিন। আপনি যদি একটি শিশু/নির্ভরশীল ব্যক্তিকে টেস্ট করেন, তাহলে প্রয়োজন হলে তাদেরকে নাক ঝাড়তে সাহায্য করুন।



- 8 টেস্ট কিটটির দূষিত হয়ে যাওয়া এড়াতে, সেটি নাড়াচাড়া করার আগে সাবান ও উষ্ণ জল বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে 20 সেকেন্ড ধরে ভালোভাবে **আপনার হাত দুটি ধুয়ে নিন**। আপনি যদি একটি শিশু/নির্ভরশীল ব্যক্তিকে সহায়তা করেন, তাহলে **আপনাদের উভয়কে অবশ্যই 20 সেকেন্ডের জন্য ভালভাবে হাত ধুয়ে নিতে হবে** অথবা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।



- 9 সীল করা মোড়কে নির্বীজকৃত সোয়াবটি খুঁজুন। আপনি টেস্ট শুরু করার জন্য প্রস্তুত হলে, কাঠির প্রান্তে সোয়াব প্যাকেজটি খুলুন।



আলতোভাবে সোয়াবটি বের করে নিন। আপনার আঙ্গুল দিয়ে কাপড়ের ডগাটি স্পর্শ না করার ব্যাপারে সতর্ক থাকুন।

সতর্কতা

আপনার নমুনা নেওয়ার আগে সোয়াবের ডগাকে কোনো কিছু স্পর্শ করতে দেবেন না, নাহলে আপনাকে একটি তাজা সোয়াব দিয়ে আবার শুরু করতে হবে।

অন্য কারো টেস্ট করা

12 বছরের কম বয়সী শিশুর টেস্ট কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির দ্বারা করা উচিত। একটি শিশুকে বা সাহায্যের প্রয়োজন হয় এমন কোনো ব্যক্তিকে কীভাবে প্রস্তুত করবেন এবং টেস্ট করবেন, সেই বিষয়ে নির্দেশিকাটি অনুসরণ করুন: gov.uk/covid19-self-test-help

শিশুকে টেস্টের কিটটি দেখান এবং আপনি কী করতে যাচ্ছেন তা ব্যাখ্যা করুন। সম্ভব হলে, শিশুকে কারো কোলে বসান বা কাউকে তার হাত ধরতে বলুন।

শিশুটিকে একটি টিস্যুর মধ্যে নাক ঝাড়তে বলুন। টিস্যুটি একটি বিনে রাখুন, তারপরে সাবান এবং উষ্ণ জল বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে 20 সেকেন্ড ধরে আপনার উভয় হাত ভালভাবে ধুয়ে নিন।


আপনি যদি টেস্টটি করার বিষয়ে আত্মবিশ্বাসী বোধ না করেন, বা শিশুটি ব্যথা লাগার অভিযোগ করে, তাহলে টেস্টটি চালিয়ে যাবেন না।



- 10 প্রথম নাসারন্ধ্র**
আলতো করে সোয়াবের কাপড়ের ডগাটি শিশুর প্রথম নাসারন্ধ্রের সামান্য ভিতরে ঢোকান। সোয়াবটি তাদের নাকের মধ্যে 1.5 সেন্টিমিটারের বেশি ঢোকাবেন না।



- 11** নাসারন্ধ্রের ভিতরে বৃত্তাকার গতিতে চারপাশে ঘুরিয়ে 4 বার সোয়াবটি দিয়ে আলতো করে মুছুন। সুনিশ্চিত করুন যে কাপড়ের ডগার সঙ্গে নাসারন্ধ্রের ভিতরের অংশের ভালভাবে স্পর্শ হয়েছে।



- 12 দ্বিতীয় নাসারন্ধ্র**
একই সোয়াবের কাপড়ের ডগাটি শিশুর দ্বিতীয় নাসারন্ধ্রের সামান্য ভিতরে ঢোকান। কাপড়ের ডগা দিয়ে নাসারন্ধ্রের ভিতরের অংশটি ভালভাবে স্পর্শ করিয়ে বৃত্তাকার গতিটি 4 বার পুনরাবৃত্তি করুন।

আপনার সোয়াবের নমুনা নিন

পরামর্শ


সেরা ফলাফল পেতে, নাসারন্ধ্রে সোয়াব করার পরে সোয়াবটি যত তাড়াতাড়ি সম্ভব এক্সট্র্যাকশন টিউব ও বাফারের মধ্যে রাখুন।



13 প্রথম নাসারন্ধ্র

সোয়াবের কাপড়ের ডগাটি প্রথম নাসারন্ধ্রের প্রায় 1.5 সেমি ভিতরে ঢোকান। আপনাকে এটিকে ঠেলে গভীরে ঢোকাতে হবে না এবং কোনও বলপ্রয়োগের প্রয়োজন নেই।

একটি বৃত্তাকার গতিতে অন্তত 4 বার নাসারন্ধ্রের ভিতরের অংশটির চারপাশ সোয়াব দিয়ে আলতো করে মুছুন। সুনিশ্চিত করুন যে কাপড়ের ডগার সঙ্গে নাসারন্ধ্রের ভিতরের অংশের ভালভাবে স্পর্শ হয়েছে।



14 দ্বিতীয় নাসারন্ধ্র

একই সোয়াবের কাপড়ের ডগাটি দ্বিতীয় নাসারন্ধ্রের ভিতরে ঢোকান। কাপড়ের ডগা দিয়ে নাসারন্ধ্রের ভিতরের অংশটি ভালভাবে স্পর্শ করিয়ে বৃত্তাকার গতিটি 4 বার পুনরাবৃত্তি করুন।


সতর্কতা

সোয়াব করার সময়, যদি আপনার বা আপনি যে ব্যক্তিকে সোয়াব করছেন তার নাক থেকে রক্ত পড়ে, তাহলে চালিয়ে যাবেন না, কারণ নমুনাটি টেস্ট করা যাবে না। রক্ত পড়া অব্যাহত থাকলে একজন ডাক্তারের পরামর্শ নিন।

সোয়াবের নমুনাটি প্রক্রিয়া করুন




- 15 সোয়াবের কাপড়ের ডগাটি এক্সট্র্যাকশন টিউবের তরলের মধ্যে ঢোকান এবং সোয়াবটিকে **অন্তত 10 বার** ঘোরান।



- 16 ডগাটি টিউবের ভিতরের দিকে **3 বার** জোরে চাপুন।



- 17 সোয়াবটিকে এক্সট্র্যাকশন টিউব থেকে বের করে নিন।
নজল ক্যাপটি এক্সট্র্যাকশন টিউবে আঁট করে চেপে দিন যাতে লিক হওয়া এড়ানো যায়।




- 18 সোয়াবটি প্লাস্টিকের জিপ-লক ব্যাগের মধ্যে রাখুন।

পরামর্শ

পৃথক জিপ-লক ব্যাগটিকে বর্জ্য ব্যাগ হিসাবে ব্যবহার করা যেতে পারে।


পরামর্শ

নিশ্চিত করুন যে আপনি একটি সমতল ও সমান পৃষ্ঠে টেস্ট ক্যাসেটটি রেখেছেন। টেস্টের সময় টেস্ট ক্যাসেটটি নড়াচড়া করবেন না। ধীরে ধীরে স্যাম্পেল ওয়েলে ফোঁটাগুলি যোগ করুন। অতিরিক্ত ভরবেন না।



- 19 এক্সট্রাকশন টিউবটিকে আলতোভাবে চাপুন যাতে টেস্ট ক্যাসেটের স্যাম্পেল ওয়েলের (S দ্বারা চিহ্নিত) ভিতরে 3 ফোঁটা তরল পড়ে।

নিশ্চিত হয়ে নিন যে আপনি তরলের ফোঁটা ফেলছেন, হাওয়ার বুদ্ধি নয়।




- 20 একটি টাইমার সেট করুন এবং আপনার ফলাফল পড়ার আগে 10 মিনিট অপেক্ষা করুন।

সতর্কতা

ফলাফল পাওয়ার জন্য 20 মিনিটের বেশি টেস্টটি ফেলে রাখবেন না, কারণ এটা ফলাফলকে অকার্যকর করে দেবে।

আপনার ফলাফল পড়ুন

⊕ যদি আপনার টেস্টের ফল পজিটিভ হয়



দুটি রেখা দেখা যায়।

একটি রঙীন রেখা কন্ট্রোল লাইন অঞ্চলে (C) থাকা উচিত এবং অন্য একটি রঙীন রেখা টেস্ট লাইন অঞ্চলে (T) থাকা উচিত।

দু'টি রেখা, C-এর পাশে একটি আর T-এর পাশে একটি, এমনকি আবছা হলেও দেখায় যে টেস্টের ফলাফল পজিটিভ এসেছে।

যদি আপনি একটি পজিটিভ ফলাফল পান, তাহলে আপনি অত্যন্ত সংক্রামক হতে পারেন।

এরপর কী করতে হবে:

বাড়িতে থাকার বিষয়ে পরামর্শ অনুসরণ করুন এবং অন্য লোকজনের সংস্পর্শ এড়িয়ে চলুন। এখানে যান: [nhs.uk/stay-at-home](https://www.nhs.uk/stay-at-home)

সম্ভব হলে, আপনি যে ব্যক্তিদের ঘনিষ্ঠ সংস্পর্শে ছিলেন তাদেরকে আপনার পজিটিভ টেস্টের ফলাফল সম্পর্কে জানান।

⊖ যদি আপনার টেস্টের ফলাফল নেগেটিভ হয়




একটি রঙীন রেখা কন্ট্রোল লাইন অঞ্চলে (C) দেখা যায়। টেস্ট লাইন অঞ্চলে (T) কোনো রেখা দেখা যায় না। আপনি যদি একটি নেগেটিভ ফলাফল পান, তাহলে এই সম্ভাবনা আছে যে টেস্টটি যে সময়ে করা হয়েছিল তখন আপনি সংক্রামক ছিলেন না।

নেগেটিভ ফলাফল গ্যারান্টি দেয় না যে আপনার COVID-19 নেই। কীভাবে COVID-19-এ আক্রান্ত হওয়া এবং তা ছড়ানো এড়াতে হবে সে বিষয়ে আপনাকে এবং আপনার পরিবারকে পরামর্শ মেনে চলতে হবে।

এখানে যান: [nhs.uk/how-to-avoid-covid](https://www.nhs.uk/how-to-avoid-covid)

❌ অকার্যকর ফলাফল



কন্ট্রোল লাইন (C) দেখা যায় না, অথবা শুধুমাত্র একটি লাল বার (T) দেখা যায়, যার মানে হল টেস্টটি অকার্যকর হয়েছে।

যদি আপনি একটি অকার্যকর ফলাফল পান, এর মানে হল টেস্টটি যখন করা হয়েছিল সেই সময় আপনার শরীরে ভাইরাসটি ছিল কিনা তা বলা সম্ভব নয়। আপনার করোনাভাইরাস আছে কিনা তা পরীক্ষা করতে, একটি নতুন কিট ব্যবহার করে প্রথম ধাপ থেকে টেস্টটি পুনরাবৃত্তি করুন। প্রথম টেস্ট থেকে কোনো কিছু পুনরায় ব্যবহার করবেন না।



টেস্ট কিট নিরাপদে বাতিল করুন

আপনার টেস্টটি সম্পূর্ণ হওয়ার পরে, ব্যবহৃত টেস্ট কিটের সমস্ত উপাদান আপনার সাধারণ ঘরোয়া আবর্জনার মধ্যে রাখুন। ফেলে দেওয়ার পরে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।

পরামর্শ

আপনার টেস্ট সম্পর্কে মতামত দিন বা ক্ষতি রিপোর্ট করুন

যদি আপনার টেস্ট কিটের কোনো অংশ ক্ষতিগ্রস্ত হয় বা অনুপস্থিত থাকে, তাহলে সেই টেস্ট কিট ব্যবহার করবেন না। আপনি প্যাকেজের অন্যান্য টেস্ট কিটগুলি তারপরেও ব্যবহার করতে পারেন।

আপনি যদি কোনো ডিভাইসের দ্বারা ক্ষতিগ্রস্ত হন বা আপনার টেস্ট কিট সম্পর্কে মতামত থাকে, তাহলে এটা রিপোর্ট করলে অন্যদের সাহায্য হতে পারে।

এখানে যান: gov.uk/covid-19-test-feedback.

অভিপ্রেত ব্যবহার

One Step Test for SARS-CoV-2 Antigen (কলয়েডাল গোন্দ) এর উদ্দেশ্য হল মানুষের নাকের সোয়াবের নমুনায় SARS-CoV-2 অ্যান্টিজেনের গুণগত শনাক্তকরণ। মাথাব্যথা, জ্বর, কাশি, গলা ব্যথা, গন্ধ বা স্বাদের অনুভূতি হারানো, শ্বাসকষ্ট এবং পেশীতে ব্যথার মতো লক্ষণগুলি শুরু হওয়ার প্রথম সাত দিনের মধ্যে যে ব্যক্তিদের COVID-19 আছে বলে সন্দেহ করা হয়, তাদের জন্য এই টেস্টটি ব্যবহার করা হয়। উপসর্গহীন ব্যক্তিদের জন্যও টেস্টটি ব্যবহার করা যেতে পারে। ফলাফলগুলি SARS-CoV-2 অ্যান্টিজেন শনাক্তকরণের জন্য। পজিটিভ ফলাফল SARS-CoV-2 অ্যান্টিজেনের উপস্থিতি নির্দেশ করে, তবে সংক্রমণের অবস্থা নির্ধারণের জন্য ব্যক্তিগত ইতিহাস এবং অন্যান্য রোগনির্ণায়ক তথ্য প্রয়োজন। নেগেটিভ ফলাফল SARS-CoV-2 সংক্রমণের সম্ভাবনা বাতিল করে না। সাত দিনের বেশি সময় ধরে COVID-19 সংক্রমণের অনুরূপ লক্ষণযুক্ত ব্যক্তিদের নেগেটিভ ফলাফলকে সম্ভবত নেগেটিভ হিসাবে বিবেচনা করা উচিত। প্রয়োজন হলে, এটি মলিকিউলার অ্যাসেস দ্বারা নিশ্চিত করা উচিত। One Step Test for SARS-CoV-2 Antigen (কলয়েডাল গোন্দ) SARS-CoV-2 সংক্রমণ নির্ণয়ে সাহায্য করার উদ্দেশ্যে ব্যবহার করার জন্য। এই টেস্টটি সেলফ-টেস্টিংয়ের জন্য ব্যবহৃত হয়।

মূলনীতি

টেস্টটিতে অ্যান্টি-SARS-CoV-2 নিউক্লিওক্যাপসিড প্রোটিন (N প্রোটিন) মনোক্লোনাল অ্যান্টিবডি I-এর সাথে মিলিতভাবে নমুনা প্যাডে প্রলেপ দেওয়া কলয়েডাল গোন্দ এবং টেস্ট লাইনে প্রলেপ দেওয়া আরেকটি অ্যান্টি-SARS-CoV-2 N প্রোটিন মনোক্লোনাল অ্যান্টিবডি। ব্যবহার করা হয়। নমুনাগুলি টেস্টের স্ট্রিপে প্রয়োগ করার পরে, কলয়েডাল গোন্দ-লেবেলযুক্ত অ্যান্টি-SARS-CoV-2 N প্রোটিন মনোক্লোনাল অ্যান্টিবডি। নমুনায় SARS-CoV-2 অ্যান্টিজেনের সাথে আবদ্ধ হয় এবং চিহ্নিত অ্যান্টিজেন-অ্যান্টিবডি কমপ্লেক্স তৈরি করে। এই কমপ্লেক্সগুলি ক্যাপিলারি ক্রিয়ার দ্বারা টেস্ট কার্ডের শনাক্তকরণ অঞ্চলে চলে যায়। তারপর চিহ্নিত অ্যান্টিজেন-অ্যান্টিবডি কমপ্লেক্সগুলি অ্যান্টি-SARS-CoV-2 N প্রোটিন মনোক্লোনাল অ্যান্টিবডি। দ্বারা টেস্ট লাইনে ক্যাপচার করা হবে। নমুনায় SARS-CoV-2 অ্যান্টিজেনের পরিমাণের অনুপাতে প্রতিটি টেস্ট লাইনের রঙের তীব্রতা বৃদ্ধি পায়।

কার্যসম্পাদনের বৈশিষ্ট্য

1 শনাক্তকরণের সীমা (LoD)

তাপ-নিষ্ক্রিয় SARS-CoV-2 আঁহসোসেট স্ট্রিপ ব্যবহার করে নাকের সোয়াবের জন্য শনাক্তকরণের সীমা প্রতিষ্ঠিত হয়েছিল। স্ট্রিপটির সাথে মানুষের নাকের নেগেটিভ সোয়াব যোগ করে একটি ঘন সিরিজে পরিশোধ করা হয়েছে। প্রাথমিক দ্বিগুণ সিরিজে ডাইলিউশন টেস্ট থেকে পাওয়া আনুমানিক শনাক্তকরণের সীমা 20টি প্রক্লিপিং টেস্ট করে নিশ্চিত করা হয়েছিল। নাকের সোয়াবের জন্য নিশ্চিত শনাক্তকরণের সীমা ছিল 200 TCID₅₀/mL।

2 ক্লিনিকাল সম্মতি অধ্যয়ন

একটি 400টি নাকের সোয়াবের নমুনা টেস্ট করে One Step Test for SARS-CoV-2 Antigen (কলয়েডাল গোন্দ)-এর ক্লিনিকাল পারফরম্যান্স মূল্যায়ন করা হয়েছিল। RT-PCR আবেশের ফলাফলের সাথে এটির তুলনা করা হয়। সম্মতিত অধ্যয়নের ফলাফল নিচের টেবিলে দেখানো হয়েছে।

মোট	BGI-এর RT-PCR ক্রিট			
	পজিটিভ	নেগেটিভ	উপমোট	
Geltax-এর ক্রিট	পজিটিভ	165	4	169
	নেগেটিভ	5	306	311
	উপমোট	170	310	480

পজিটিভ শতাংশ সম্মতি (রোগনির্ণায়ক সংবেদনশীলতা) = $165 / (165 + 5) \times 100\% = 97.06\%$

(95% CI: 93.30%-98.74%)

নেগেটিভ শতাংশ সম্মতি (রোগনির্ণায়ক নির্দিষ্টতা) = $306 / (306 + 4) \times 100\% = 98.71\%$ (95% CI: 96.73%-99.50%)

মোট শতাংশ সম্মতি = $(165 + 306) / 480 \times 100\% = 98.13\%$ (95% CI: 96.48%-99.01%)

3 বিশ্লেষণাত্মক নির্দিষ্টতা

3.1 পারস্পরিক প্রতিক্রিয়াশীলতা এবং মাইক্রোবিয়াল বাধা

প্রতিটি জীব এবং জাইমসকে যথাক্রমে SARS-CoV-2-এর অনুপস্থিতি এবং উপস্থিতিতে তিনবার টেস্ট করা হয়েছিল। টেস্টের ফলাফল অনুসারে, নিম্নলিখিত জাইরাস বা জীবের সাথে কোনও পারস্পরিক প্রতিক্রিয়াশীলতা ছিল না।

ভাইরাস বা জীব	ঘনত্ব
মানব করোনভাইরাস 229E	1×10^7 PFU/mL
মানব করোনভাইরাস OC43	1×10^7 PFU/mL
মানব করোনভাইরাস NL63	9.87×10^3 PFU/mL
MERS করোনভাইরাস	7930 PFU/mL
আ্যাডেনোভাইরাস (যেমন C1 Ad.71)	1×10^7 PFU/mL
হিউম্যান মেটাপনিউমোভাইরাস (hMPV)	1×10^7 PFU/mL
প্যারাইনফ্লুয়েঞ্জা ভাইরাস টাইপ 1	1×10^7 PFU/mL
প্যারাইনফ্লুয়েঞ্জা ভাইরাস টাইপ 2	1×10^7 PFU/mL
প্যারাইনফ্লুয়েঞ্জা ভাইরাস টাইপ 3	1×10^7 PFU/mL
প্যারাইনফ্লুয়েঞ্জা ভাইরাস টাইপ 4a	1×10^7 PFU/mL
ইনফ্লুয়েঞ্জা A	1×10^7 PFU/mL
ইনফ্লুয়েঞ্জা B	2.92×10^4 PFU/mL
এণ্ডোরোভাইরাস	1×10^7 PFU/mL
রেসপিরেটরি সিনসিশিয়াল ভাইরাস	1×10^7 PFU/mL
রাইনোভাইরাস	4.17×10^7 PFU/mL
হিমাফ্লিঙ্গা ইনফ্লুয়েঞ্জা	1×10^6 CFU/mL
স্ট্রেপ্টোকক্কাস নিউমোনিয়া	1×10^6 CFU/mL

স্ট্রেপ্টোকক্কাস প্যায়েজিনিস	1×10^6 CFU/mL
ক্যান্ডিডা আলবিকাস	1×10^6 CFU/mL
একত্রিত মানুষের নাক খোয়া	14% v/v
বোর্ডেটেলা পার্টুসিস	1×10^6 CFU/mL
মাইকোপ্লাজমা নিউমোনিয়া	1×10^6 CFU/mL
ক্র্যামাইডিয়া নিউমোনিয়া	1×10^6 CFU/mL
লিঞ্জিওনেলা নিউমোফিলা	1×10^6 CFU/mL
মাইক্রোব্যাকটেরিয়াম টিউবারকিউলোসিস	1×10^6 CFU/mL
নিউমোসিস্টিস জিরোভেসিস	1×10^6 CFU/mL
সুডোমোনাস এরজিনোসা	1×10^6 CFU/ml
স্ট্যাফাইলোকক্কাস এপিডেমিওস	1×10^6 CFU/mL
স্ট্রেপ্টোকক্কাস স্যালিভারিয়াস	1×10^6 CFU/mL

3.2 বাধা

উপসর্গযুক্ত রোগীদের শ্বসনতন্ত্রের উপরের অংশে যে সম্ভাব্য বাধাদানকারী পদার্থগুলি পাওয়া যেতে পারে (ওভার বা কাউন্টার ওষুধগুলি সহ)। নিম্নলিখিত ঘনত্বে কোনও ফলস পজিটিভ বা ফলস নেগেটিভ ফলাফল দেখা যায়নি।

সম্ভাব্য বাধাদানকারী পদার্থ	ঘনত্ব
রক্ত (মাংস)	5%
মিউসিন	5 mg/mL
ন্যাসাল জেল (NeilMed)	5% v/v
CVS ন্যাসাল ড্রপ (ফিনাইলফ্রিন)	15% v/v
Afrin (অক্সিমটোজোলিন)	15% v/v
CVS ন্যাসাল স্প্রে (ক্সোমোলিন)	15% v/v
Zicam সর্দির প্রতিকার	5% v/v
হোমিওপ্যাথিক (Alkalol)	10% v/v
গলা ব্যথার ফেনল স্প্রে	15% v/v
টেরোমাইসিন	3.3 mg/dL
মুপিরোসিন	0.15 mg/dL
ফ্লুটিকসোন	5% v/v
টায়মিফ্রল (সেন্সেটাইভিটির ফসফেট)	500 mg/dL
বায়োটিন	0.35 mg/dL
মিথানল	0.15% v/v
ডাইফেনহাইড্রামিন	0.0774 mg/dL
ডেক্সট্রোমেথোরফান	0.00156 mg/dL
ডেক্সামেথাসোন	1.2 mg/dL

4. সঠিকতা

পুনরাবৃত্ততা অধ্যয়নের জন্য, নেগেটিভ নমুনা এবং পজিটিভ নমুনা উভয়ের সম্মতি শতাংশ হল 100%। পুনরাবৃত্ততা অধ্যয়নের জন্য, নেগেটিভ নমুনা এবং পজিটিভ নমুনা উভয়ের সম্মতি শতাংশ হল 100%।

ব্যবহৃত প্রতীক



4°C -30°C-এর মধ্যে মজুত করুন



ইথিলিন অক্সাইড দিয়ে নিৰীজ করা হয়েছে



প্রস্তুতকারক



লট নম্বর



যে তারিখের মধ্যে ব্যবহার করতে হবে



ইন ভিট্রো রোগনির্ণায়ক মেডিকেল ডিভাইস



রোদ থেকে দূরে রাখুন



উৎপাদনের তারিখ



পুনরায় ব্যবহার করবেন না



শুকনো রাখুন



ব্যবহারের নির্দেশাবলী দেখুন



সতর্কতা



7টি টেস্টের জন্য যথেষ্ট আছে



প্যাকেজটি ক্ষতিগ্রস্ত হলে ব্যবহার করবেন না



পুনর্ব্যবহারযোগ্য



CE চিহ্ন



UK-এর দায়িত্বশীল ব্যক্তি



ইউরোপিয়ান কমিউনিটিতে অনুমোদিত প্রতিনিধি



ল্যাটেক্স-বিহীন



ক্যাটালগ নম্বর

Getein Biotech
ঠিকানা: No. 9 Bofu Road, Luhe District, Nanjing, 211505, China (চীন)
টেলি: +86-25-68568508 ই-মেইল: tech@getein.com.cn ওয়েবসাইট: www.getein.com



CMC Medical Devices & Drugs S.L
ঠিকানা: C/ Horacio Lengo N° 18,
CP 29006, Málaga, Spain (স্পেন)
টেলি: +34951214054

CMC Medical Devices Ltd.
ঠিকানা: Office 32 19-21 Crawford Street,
London, United Kingdom (যুক্তরাজ্য)
ই-মেইল: info@cmcmedicaldevices.com



EC সার্টিফিকেট নং 1434-IVDD-195_2022

সোয়াব প্রস্তুতকারক

Jiangsu Hanheng Medical Technology Co., Ltd.
16 -B4, #1 North Qingyang Road, Tianning District, 213017, Changzhou, Jiangsu, China (চীন)

বা

Jiangsu Changfeng Medical Industry Co, Ltd.
Touqiao Town, Guangling District Yangzhou 225109 Jiangsu P. R.China
(পি. আর. চীন)



Lins Service & Consulting GmbH
Obere Seegasse 34/2, 69124 Heidelberg Germany (জার্মানি)



Luxus Lebenswelt GmbH
Kochstr.1, 47877, Willich, Germany (জার্মানি)

